



## সারাদেশে পাঁচ দিনের বজ্রসহ বৃষ্টির পূর্বাভাস



ছবি: সংগৃহীত

রাজধানীতে শুক্রবার সন্ধ্যা ৭টার পর বজ্রসহ বৃষ্টি হয়েছে, কিছু এলাকায় শিলাবৃষ্টিও দেখা গেছে। আবহাওয়া অধিদফতর জানিয়েছে, দক্ষিণ বঙ্গোপসাগরে মৌসুমের স্বাভাবিক লঘুচাপ অবস্থান করছে।

প্রথম দিনে রংপুর, ঢাকা, ময়মনসিংহ ও সিলেটের কিছু জায়গায় এবং রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রামের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়া ও বজ্রসহ বৃষ্টি হতে পারে। শনিবারও রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেটের কিছু জায়গায় এবং খুলনা, বরিশাল ও চট্টগ্রামের দু'এক জায়গায় বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে, রাতের তাপমাত্রা কিছুটা বাড়তে পারে।

রোববার তৃতীয় দিনে রাজশাহী, ঢাকা, খুলনা, ময়মনসিংহ ও সিলেটের কিছু জায়গায় এবং রংপুর, বরিশাল ও চট্টগ্রামের দু'এক জায়গায় অস্থায়ী বজ্রসহ বৃষ্টি হতে পারে। সোমবার ও মঙ্গলবারে দেশের সব বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বজ্রসহ বৃষ্টি বা বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।